মেহেরপুরে হারানো ৯২টি মোবাইল ও ৫৫ হাজার টাকা মালিকের হাতে তুলে দিল পুলিশ

মেহেরপুর পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের উদ্যোগে উদ্ধারকৃত হারানো মোবাইল ফোন ও অনলাইনে প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ অর্থ প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করেছে পুলিশ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে মেহেরপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ হস্তান্তর করা হয়। উদ্ধারকৃত ৯২টি মোবাইল ফোন ও নগদ অর্থ ভুক্তভোগীদের হাতে তুলে দেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় সাইবার সচেতনতার গুরুত্ব তুলে ধরে বলেন, তথ্য-প্রযুক্তির এই যুগে আমরা কেউই অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও সাইবার স্পেসের বাইরে নই। তাই নিজের নিরাপত্তা নিশ্চিত করতে মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সবাইকে আরও সচেতন ও সতর্ক হতে হবে। তিনি পুরাতন মুঠোফোন কেনার ক্ষেত্রে অবশ্যই মোবাইলের বক্স ও ক্যাশ মেমো সংগ্রহের পরামর্শ দেন। পাশাপাশি অনলাইনে প্রতারণা এড়াতে বিকাশ, নগদ বা অন্যান্য মোবাইল ব্যাংকিং অ্যাপের ওটিপি কারও সঙ্গে শেয়ার না করার আহ্বান জানান। অনলাইনে কোনো কিছু ক্রয়ের আগে অভিজ্ঞজনের সঙ্গে পরামর্শ করার কথাও বলেন তিনি।

পুলিশ সুপার আরও জানান, সাইবার অপরাধ প্রতিরোধে জেলা পুলিশের এ কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে। একটি সুষ্ঠু, নিরাপদ ও শৃঙ্খলাবদ্ধ বাংলাদেশ গড়তে যেকোনো ধরনের অপরাধ সংক্রান্ত তথ্য দিয়ে স্থানীয় পুলিশকে সহায়তা করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

জেলা পুলিশ সূত্রে জানা যায়, ডিসেম্বর ২০২৫ মাসে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, মেহেরপুর জেলার তিন থানায় সাধারণ ডায়েরিভুক্ত সর্বমোট ৯২টি হারানো মোবাইল ফোন উদ্ধার করতে সক্ষম হয়। পাশাপাশি ভুলবশত অন্য নম্বরে চলে যাওয়া এবং প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ ও বিকাশের মোট ৫৫ হাজার টাকা উদ্ধার করে

সংশ্লিষ্ট প্রকৃত মালিকদের বুঝিয়ে দেওয়া হয়। এছাড়াও ১৩টি ফেসবুক আইডি রিকোভারি করা হয় এবং বিভিন্ন থানায় নিখোঁজ ব্যক্তি ও ভিকটিম উদ্ধারে সহায়তা দিয়ে ৪ জন ভিকটিম উদ্ধার করা হয়।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল বিভিন্ন ক্রুপেস মামলার রহস্য উদঘাটন ও আসামি গ্রেপ্তারেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। হারানো মোবাইল উদ্ধার করে ভুক্তভোগীদের মুখে হাসি ফোটাতে সেলটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে বলে জানান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (অ্যাডমিন অ্যান্ড ফিন্যান্স) মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদি হাসান দিপু, ওসি (ডিবি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীসহ জেলা পুলিশের অন্যান্য কর্মকর্তা।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর-উত্তমের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। যুবদল নেতা আলমগীর হোসেনের উদ্যোগে গতকাল সোমবার বিকেলে শহরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় এ কর্মসূচি পালন করা হয়।

দোয়া ও আলোচনা সভায় সভাপতির বক্তব্যে যুবদল নেতা আলমগীর হোসেন বলেন, শহীদ জিয়াউর রহমান ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার গাবতলী উপজেলার নিভৃত পল্লী বাগবাড়িতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন জনপ্রিয় রাষ্ট্রনায়ক, অসাধারণ দেশপ্রেমিক, অসম সাহসী ও সহজ-সরল ব্যক্তিত্বের প্রতীক। তাঁর নেতৃত্ব ও অবদানে বাংলাদেশের ইতিহাস

সমৃদ্ধ হয়েছে।

তিনি আরও বলেন, ১৯৮১ সালে কিছু বিপথগামী সামরিক কর্মকর্তার হাতে চট্টগ্রাম সার্কিট হাউসে মর্মান্তিকভাবে শহীদ হন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। তবে তাঁর আদর্শ ও দেশপ্রেম নতুন প্রজন্মের মাঝে আজও প্রেরণা জোগায়।

এসময় আরও উপস্থিত ছিলেন নবীন দলের সভাপতি আনোয়ার শেখ, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আব্দুল্লাহ, জেলা জিয়া সাইবার ফোর্সের সিনিয়র যুগ্ম সম্পাদক নাজমুল হক সোহাগ, বিএনপি নেতা রোকনুজ্জামানসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

শেষে শহীদ জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে পাঁচ ইটভাটায় সাড়ে ১১ লাখ টাকা জরিমানা

মেহেরপুর জেলায় অবৈধভাবে ইটভাটা পরিচালনার দায়ে পাঁচটি ইটভাটায় সাড়ে ১১ লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল সোমবার পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগমের নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়।

বাংলাদেশ ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুযায়ী মেহেরপুর জেলার তিনটি উপজেলায় অবৈধ ইটভাটার বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় পরিবেশ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদীসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। ভ্রাম্যমাণ আদালতে প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক টিপু সুলতান।

অভিযানকালে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের মেসার্স আলিফ ব্রিকসের মালিক চঞ্চলকে ২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয় এবং ভাটার আংশিক কিলন ভেঙে দেওয়া হয়।

মুজিবনগর উপজেলার মেসার্স এল এল এম ব্রিকসের মালিক, মোনাখালী গ্রামের লাভলুকে ২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয় এবং ভাটার আংশিক কিলন ভেঙে দেওয়া হয়।

গাংনী উপজেলার পশ্চিম মালসাদহ গ্রামের মেসার্স সোনালী ব্রিকসের মালিক জয়নাল আবেদীনকে ২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই এলাকার মেসার্স সুপার ব্রিকসের মালিক হাজী গোলাম মোস্তফাকে ৩ লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

এছাড়া গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের মেসার্স ঢাকা ব্রিকস (জিগজ্যাগ) এর মালিক আক্তারুজ্জামানকে ১ লাখ টাকা জরিমানা করা হয়।

এ সময় ভাটায় কিছু পরিমাণ কাঠ মজুদ পাওয়া গেলে ভবিষ্যতে জ্বালানি হিসেবে কয়লা ব্যবহার করবেন মর্মে তিনি মুচলেকা প্রদান করেন।

অভিযানে মেহেরপুর জেলা পুলিশ ও আনসার ব্যাটালিয়নের সদস্যরা সহযোগিতা করেন। পরিবেশ রক্ষায় অবৈধ ইটভাটার বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান পরিবেশ অধিদপ্তরের ওই কর্মকর্তা।

গাংনীতে জলাতঙ্ক ভ্যাকসিনের তীব্র সংঙ্কট

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জলাতঙ্কের (র্যাবিস) ভ্যাকসিন না থাকায় কুকুর ও বিড়ালের কামড়ে আক্রান্ত রোগীরা চরম স্বাস্থ্যঝুঁকিতে পড়েছেন।

কুকুরের কামড়ে আক্রান্ত কাথুলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান হোসাইন মোহাম্মদ জানান, আজ থেকে ১৬ দিন আগে একটি

ক্ষ্যাপা কুকুর তার পায়ে কামড় দেয়। পরে ভ্যাকসিন নেওয়ার জন্য তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে গেলে কর্মরত চিকিৎসকরা তাকে জানান, সরকারি ভাবে জলাতঙ্কের ভ্যাকসিনের সরবরাহ নেই।

পরবর্তীতে বাধ্য হয়ে তিনি কুষ্টিয়ার একটি ফার্মেসি থেকে ভ্যাকসিন সংগ্রহ করেন। তিনি বলেন, সরকারি হাসপাতালে যখন ভ্যাকসিন নেই, তখন ফার্মেসিগুলো কীভাবে এই ভ্যাকসিন পাচ্ছে এটাই আমার প্রশ্ন।

গাংনী উপজেলার কাথুলী গ্রামের সাবেক ইউপি সদস্য ভাবিরন নেছা জানান, একই গ্রামের মৃত রজব মালিথার স্ত্রী মহিলা খাতুন এবং কাসরুল ইসলামের এক শিশুপুত্রকেও ক্ষ্যাপা কুকুর কামড় দেয়। তাদের পরিবারের লোকজন মেহেরপুর সরকারি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা জানান, সরকারি ভাবে ভ্যাকসিনের কোনো সরবরাহ নেই।

পরে গ্রামের এক ইউপি সদস্যের আর্থিক সহযোগিতায় বাইরে থেকে ফার্মেসি থেকে জলাতঙ্কের ভ্যাকসিন সংগ্রহ করে তাদের দেওয়া হয়। ভাবিরন নেছা আরও বলেন, অনেক অসহায় পরিবার ভ্যাকসিন কিনতে না পারায় এখনো মৃত্যুর ঝুঁকিতে রয়েছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, সরকারি হাসপাতালগুলোতে ভ্যাকসিনের সংকটের কারণে সাধারণ মানুষ মারাত্মক ঝুঁকিতে রয়েছে। তিনি দ্রুত সরকারি হাসপাতালে জলাতঙ্কের ভ্যাকসিন সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ জানান, স্বাস্থ্য অধিদপ্তরে ভ্যাকসিনের চাহিদাপত্র পাঠানো হয়েছে। খুব দ্রুত এ সমস্যার সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন। ভ্যাকসিন না থাকায় কুকুর ও বিড়ালের কামড়ে আক্রান্ত রোগীরা বর্তমানে চরম ভোগান্তিতে রয়েছেন।

মেহেরপুরে জামায়াতে আমিরের আগমন উপলক্ষে নেতৃবৃন্দের মাঠ পরিদর্শন

আগামী ২৬শে জানুয়ারি মেহেরপুরে আসছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সেই উপলক্ষে আজ সোমবার মাঠ পরিদর্শন করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর মেহেরপুর জেলা শাখার নেতৃবৃন্দ।

ইতিমধ্যে এমন খবর নিশ্চিত করেছেন বাংলাদেশ জামায়েত ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির তাজউদ্দিন খান।

তিনি জানিয়েছেন, আগামী ২৬শে জানুয়ারি মেহেরপুরে সমাবেশে আসছেন জামায়াতের আমির ড. শফিকুর রহমান। তবে সমাবেশের স্থান নিয়ে চলছে পরিকল্পনা, সম্ভাব্য দুইটি স্থানকে বেছে নিয়েছে সংগঠনের দায়িত্বশীলরা, একটি হচ্ছে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ ও অন্যটি মেহেরপুর সরকারি কলেজ মাঠ।

প্রশাসনিক অনুমতি সাপেক্ষে এই দুই স্থনের যেকোনো এক স্থানে সমাবেশ মাঠ নির্ধারণ করা হবে বলে জানা গেছে।

মেহেরপুরে ইজিবাইক চালককে পিটিয়ে ছিনতাইয়ের চেষ্টা

মেহেরপুরে শাহিন নামের এক ইজিবাইক চালককে পিটিয়ে গুরুতর আহত করে তার ইজিবাইক ছিনতাইয়ের চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়েছে ছিনতাইকারীরা। চালকের সাহসিকতা ও প্রতিরোধের মুখে শেষ পর্যন্ত পালিয়ে যেতে বাধ্য হয় তারা।

আহত শাহিন মেহেরপুর শহরের নতুনপাড়া এলাকার মৃত সুরাত আলীর ছেলে। বর্তমানে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহত শাহিন জানান, সোমবার ভোরে ঢাকা থেকে আসা এক যাত্রীকে সদর উপজেলার সহগলপুর স্কুলের কাছে নামিয়ে দিয়ে তিনি মেহেরপুর শহরের দিকে ফিরছিলেন। পথিমধ্যে মনোহরপুর কবরস্থানের কাছে পৌঁছালে সড়কের ওপর ফেলে রাখা কলাগাছ দেখতে পান। তিনি দ্রুতগতিতে সেটি অতিক্রম করার চেষ্টা করেন। প্রথমবার কলাগাছটি পার হতে পারলেও পরবর্তী ধাপে ফেলে রাখা আরেকটি কলাগাছে আটকে তার ইজিবাইকটি উল্টে যায়।

এ সময় পাশের একটি বাগান থেকে মুখোশ পরিহিত সাতজন ছিনতাইকারী তাকে টেনে নিয়ে যায়। তারা তার গায়ে থাকা চাদর ছিঁড়ে হাত বেঁধে ব্যাপক মারধর করে। একপর্যায়ে তিনজন তাকে আটকে রাখে এবং অপর চারজন ইজিবাইকটি নিয়ে যাওয়ার চেষ্টা করে। তবে গাড়িটি উল্টে যাওয়ার ফলে ব্যাটারির তার ছিঁড়ে যাওয়ায় তারা ইজিবাইকটি চালু করতে ব্যর্থ হয়।

পরে সুযোগ বুঝে শাহিন তার হাতের বাঁধন খুলে ফেলতে সক্ষম হন। ছিনতাইকারীদের কাছে কোনো ধারালো অস্ত্র না থাকায় তিনি সাহসিকতার সঙ্গে তিনজনের ওপর প্রতিরোধ গড়ে তোলেন। এ সময় বাকি চারজনসহ সবাই ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

পরে তিনি বাড়িতে ফোন করলে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

এ বিষয়ে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বলেন, “এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিক আহত

মেহেরপুর শহরে নির্মাণাধীন একটি ভবনে কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মান্নান (৪০) নামের এক শ্রমিক গুরুতর আহত হয়েছেন।

আজ সোমবার (১৯ জানুয়ারি) দুপুরে শহরের ফৌজদারীপাড়া এলাকায় এই দুর্ঘটনা ঘটে। আহত মান্নান বামনপাড়া এলাকার আক্কাস আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, মান্নান শহরের ফৌজদারী পাড়ার বাপ্পি সরকারের নির্মাণাধীন একতলা বাড়ির সিড়িঘরের উপরে টিনের ছাউনির কাজ করছিলেন। এসময় একটি প্লাস্টিকের পাইপ বাধতে গিয়ে ভবনের পাশ দিয়ে যাওয়া বিদ্যুতের উচ্চভোল্টেজ সম্পন্ন মেইন লাইনের সাথে টিন বাধা তারের স্পর্শ লাগলে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একতলা থেকে নিচে পড়েন। এসময় তার শরীরে আগুন লেগে তার শরীরের একটি বড় অংশ ঝলসে যায়।

ঘটনার পরপরই সহকর্মী ও স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যান।

হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক জানান, আহতের শরীরের প্রায় ৪০ শতাংশ পুড়ে গেছে। প্রাথমিক চিকিৎসা শেষে তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা বার্ন ইউনিটে রেফার করা হয়েছে।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে বিনামূল্যে চক্ষু ক্যাম্প

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে বিনামূল্যে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দিনব্যাপী পিএসকেএস সংস্থা কর্তৃক বাস্তবায়িত পিকেএসএফ ও অরবিস এর অংশীদারিত্বের ভিত্তিতে বিনামূল্যে চোখের ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে মোট ১৭৭ জনকে পরিক্ষা করে ৮৮ জন ছানি রোগী চিহ্নিত করা হয়েছে। আগামী ২৬ জানুয়ারি মেহেরপুর মক্কা চক্ষু হসপিটালে বিনামূল্যে ছানি অপারেশন করা হবে।

রোগী শনাক্ত করেন, মক্কা হসপিটালের চিকিৎসক শাহরিয়ার ইসলাম।

ক্যাম্পে উপস্থিত ছিলেন, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক কামরুল আলম সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মেহেরপুরের খোকসা গ্রামে অসহায়দের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে খোকসা যুব সংঘের উদ্যোগে শীতার্ত ও দুস্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার রাত ৮টায় খোকসা যুব সংঘের কার্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রথমে সংগঠনের কার্যালয়ে কিছু কম্বল বিতরণ করা হয়। পরে সংগঠনের সদস্যরা খোকসা গ্রামের বিভিন্ন এলাকায় গিয়ে অসহায় ও দুস্থ মানুষের বাড়িতে বাড়িতে সরাসরি কম্বল পৌঁছে দেন।

অনুষ্ঠানে খোকসা যুব সংঘের সভাপতি শামসুজ্জামান হামিদুল-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, যুব সংঘের উপদেষ্টা ও খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের সেক্রেটারি সামসুজ্জোহা হামিদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লুৎফর রহমান, সহ-সভাপতি আদম, যুব সংঘের সেক্রেটারি মো. সেলিম রেজা এবং আব্দুল হামিদ।

এছাড়াও উপস্থিত ছিলেন সংগঠনের অর্থ সম্পাদক শরিফুজ্জামান টুটুল, সহ-সাধারণ সম্পাদক হেলাল, সাংগঠনিক সম্পাদক আবিরসহ নাজমুল, আজাদ, জমিরুল ইসলাম, সুমন, জামান, মাসুম রেজা, জিহাদ, ছবেদ, তারিক, নাইম, সিজান প্রমুখ।

খোকসা যুব সংঘের পক্ষ থেকে জানানো হয়, শীতার্ত মানুষের পাশে দাঁড়াতে ভবিষ্যতেও এ ধরনের মানবিক ও সামাজিক কার্যক্রম অব্যাহত রাখা হবে।

বেগম খালেদা জিয়া ও মুক্তার আত্মার মাগফিরাত কামনায় মেহেরপুরে দোয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী মরহুমা দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং মেহেরপুর পৌরসভা ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার মুক্তার বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যায় হোটেল বাজার এলাকায় পৌর ৮ নম্বর ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি শামীমুল ইসলাম।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি খাইরুল বাশার এবং জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পৌর ৮ নম্বর ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ কিয়াম উদ্দিন, মামুনুর রশিদ, হিরোক, চঞ্চল শেখসহ স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

দোয়া মাহফিলে অংশগ্রহণকারীরা মরহুমা দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও আব্দুস সাত্তার মুক্তার রুহের মাগফিরাত, তাদের আত্মার শান্তি এবং দেশের গণতন্ত্র ও সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাতে অংশ নেন। মোনাজাত শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

দোয়া মাহফিলের মাধ্যমে স্থানীয় বিএনপি নেতাকর্মীরা তাদের প্রিয় নেত্রী ও প্রয়াত সহযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা প্রকাশ করেন।